

Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 20 April, 2025

সাভারে বিদেশী পিস্তল সহ ১ সন্ত্রাসীকে গ্রেফতার করেছে ঢাকা জেলা উত্তর ডিবি পুলিশ রবিবার (২০ এপ্রিল) সকালে সাভার ডিবি পুলিশ কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এমন তথ্য নিশ্চিত করেছেন অতিরিক্ত পুলিশ সুপার সাভার সার্কেল মো. শাহীনুর কবির।

সংবাদ সম্মেলনে এ সময় তিনি জানান, গাজীপুর মেট্রোপলিটন সদর থানা ও পূবাইল থানা এলাকায় অভিযান চালিয়ে সন্ত্রাসী মো. জিয়া দেওয়ানকে গ্রেফতার করা হয়। এ সময় তার দেয়া তথ্য মতে সাভারের আশুলিয়ার জিরাবো এলাকায় নিজ বাড়ির পাশের কবরস্থানের কলা গাছের নিচে পলিথিনের ভিতর কাপড় দিয়ে মোড়ানো অবস্থায় ইউএসএ এর তৈরী বিদেশী পিস্তল এবং একটি ম্যাগাজিন ও একটি খালি খোসা উদ্ধার করা হয়।

এ সময় তিনি আরো জানান, সন্ত্রাসী মো. জিয়া দেওয়ান একজন চিহ্নিত সন্ত্রাসী। গত ১৭ এপ্রিল আশুলিয়ার জিরাবো ফুলবাগান এলাকায়

কাটুন ফ্যাক্টরি এসএএস এর ওয়েস্টিজ ব্যবসাকে কেন্দ্র করে সন্ত্রাসী জিয়া এবং মামুন গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় সন্ত্রাসী জিয়া দেওয়ান নিজের আধিপত্য জানান দিতে পিস্তল বের করে ২ রাউন্ড ফাকা গুলি ছোড়ে। এর পর থেকে পুলিশ প্রশাসন সোচ্চার হয় এবং সন্ত্রাসী জিয়া দেওয়ানকে গ্রেফতারে অভিযান শুরু হয়।

এরই ধারাবাহিকতার ১৯ এপ্রিল বিকেলে গাজীপুর থেকে তাকে আটকের পর, তার দেয়া তথ্য মতে আশুলিয়ার জিরাবো থেকে মেড ইন ইউএসএর তৈরী বিদেশী পিস্তল, একটি

ম্যাগাজিন ও একটি খোসা উদ্ধার করা হয়।

সন্ত্রাসী জিয়া দেওয়ানের বিরুদ্ধে একটি মামলা দায়েরের পর ৭দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠানো হচ্ছে বলেও জানান পুলিশ কর্মকর্তা।

এ সময় সংবাদ সম্মেলনে ঢাকা জেলা উত্তর ডিবি ওসি মো. জালাল উদ্দিন উপস্থিত ছিলেন।

সাতার ডিবি পুলিশ সন্ত্রাসী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: <https://www.timestodaybd.com/across-the-country/6929291098>